

## প্রেমহীন পৃথিবীর কাব্য

ডঃ মোহাম্মদ আবদুর রায়খাক

প্রেমের কবিতা আজ বড় জলো লাগে -  
একুশ শতকে এ পৃথিবী প্রেমহীন;  
গ্রেত পারাবত আজ বিনিদ্র জাগে-  
ডানাহারা সে যে কেঁদে মরে নিশ্চিদিন ।

জোৎস্না হসিত রাত কাটে নির্ঘূম,  
ফুটপাথে শোয়া মানুষেরা চোখে ভাসে -  
উদাস দুপুরে চরাচর নিরূম,  
এ পোড়া শ্রবণে দুঃখীর কান্না আসে ।

পালা-পার্বণে, আনন্দ উৎসবে  
মেতে ওঠে সবে, আমি দুরে সরে রই;  
হৃদয় গভীরে, একান্ত অনুভবে  
বুঝিনা কেন যে এক বুক ব্যথা বই ।

মেঘমল্লার শুনিনা মেঘের ডাকে  
এসিদ বৃষ্টি নামবে সে ভয় হয়;  
ভয়ে পথ চলি, চেনা পথটির বাঁকে  
কে জানে কিভাবে ঘটে প্রাণ সংশয় ।

যে ভূবন ছিল একদিন বড়ো চেনা  
আজ সে পৃথিবী কোথায় নির্বাসিত ?  
সুরের ভূবনে আজকে অসুর সেনা;  
পদে পদে করে মানবতা লাঞ্ছিত ।

মানুষেরই বেশে হিংস্র শাপদ কিছু  
কেঁড়ে মানুষের বাঁচবার অধিকার,  
লেলিয়ে দিয়েছে মৃত্যু তাদের পিছু-  
ভেঙ্গেছে তাদের স্বপ্নের সংসার ।

আজ প্রেমহীন পৃথিবীর পথে পথে  
প্রতি পলে পলে জীবনের পরাজয়;  
সভ্যতা আজ চলেছে উলটো রথে  
কে শোনাবে আজ মানুষকে বরাভয় ?

সিডনী, জানুয়ারী ৫, ২০০৫